

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা

আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ এর ১ম ত্রৈমাসিক পর্যালোচনা সভার
কার্যবিবরণী:

সভাপতি	মোহাম্মদ রেজাউল করিম যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ	২৯-১০-২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে (NIS Online System Software) দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন যাচাই করা হয়। এতে দেখা যায় যে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অর্জন এন্ড্রি না করে শুধু প্রতিবেদন দাখিল করা হয়েছে। এছাড়া অধিকাংশ অর্জনের ক্ষেত্রে সকল দপ্তর/সংস্থা কর্তৃক স্বয়ংসম্পূর্ণ প্রমাণক দাখিল করা হয়নি। শুদ্ধাচার কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে যে সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে অফিস রয়েছে তাদের "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাসমূহ" জেলা/উপজেলা কার্যালয়ে আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে সভাপতি জানান। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে প্রধান কার্যালয়ের পরিবর্তে জেলা/উপজেলা কার্যালয়ে সভা আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে;
- খ) যুব উন্নয়ন অধিদপ্তর ও ক্রীড়া পরিদপ্তর কর্তৃক নির্ধারিত দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও বিতরণ কার্যক্রমটি যথাসময়ে অর্জনের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- গ) সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে অর্জন প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে আরও সতর্কতা অবলম্বন ও স্বয়ংসম্পূর্ণ প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ রেজাউল করিম
যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৩.৮১

তারিখ: ১৪ কার্তিক ১৪৩০

৩০ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ২) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা
- ৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
- ৬) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
- ৭) উপসচিব, এপিএ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)



মোহাম্মদ রেজাউল করিম
উপসচিব